

Compiled design and circulated by: Dr. Atanu Nanda
Assistant professor, Dept. of Phy. Edu, Narajole Raj College

নেতৃত্ব (Leadership)

4.1 নেতৃত্বের অর্থ ও সংজ্ঞা (Meaning & Definition of Leadership)

নেতৃত্বের অর্থ

কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সুযোগ্য নেতৃত্বের প্রয়োজন। নেতৃত্ব সম্পূর্ণ আলাদা গুণ। নেতৃত্ব বলতে বোঝায় এক ধরনের ক্ষমতা, যা একটা নির্দিষ্ট কাজ করতে পারে, একটি দল বা গোষ্ঠী কে প্রভাবিত করতে পারে। দলগত কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নেতৃত্ব একান্ত প্রয়োজন। আর এই নেতৃত্ব দান করে তাকে বলা হয়। সুতরাং কোনো দল বা গোষ্ঠীর কোন কাজ কতটা ভালো ভাবে সম্পন্ন হবে সেটা নির্ভর করে নেতার নেতৃত্ব উপর।

আধুনিক মতবাদ অনুসারে, কেউ নেতা হয়ে জন্মায় না, পরিবেশ-পরিস্থিতি, শিক্ষা, প্রয়োজন প্রভৃতির পরিপ্রেক্ষিতে নেতা তৈরি হয়। নেতা হতে গেলে কতগুলি গুণ আবশ্যিক।

1. আত্মবিশ্বাস, আত্মসংযম, আনুগত্য, নৈতিকতা, ভদ্রতা বিচার-বিশ্লেষণ ক্ষমতা, দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ইত্যাদি মানসিক গুণ সম্পন্ন হতে হবে নেতা কে।
2. নেতাকে সকলের সঙ্গে সহানুভূতি ও বন্ধুত্বপূর্ণ মনোভাব বজায় রেখে চলতে হবে। নেতা নিজে নিয়মগুলি জানবে এবং মেনে চলবে।
3. নেতাকে ব্যক্তিত্বসম্পন্ন, বিশ্বাসী, বুদ্ধিমান ও কর্মক্ষম হতে হবে।
4. নেতা হতে হবে রসবোধসম্পন্ন, নিরপেক্ষ, দায়িত্বশীল ও কর্মনিষ্ঠ।
5. শিক্ষক নেতাকে শিক্ষাগত ও পেশাগত জ্ঞানের অধিকারী হতে হবে। যেকোনো পরিস্থিতিতে শৃঙ্খলা বজায় রাখার ক্ষমতা থাকতে হবে।

নেতৃত্বের সংজ্ঞা

নেতৃত্ব দান সম্পর্কে বলতে গিয়ে Barro বলেছেন- “Leadership is the behavioral process of influencing individuals or groups towards see goals”

অর্থাৎ কোন নির্দিষ্ট লক্ষ্যের ভিত্তিতে কোন ব্যক্তি বা দলকে প্রভাবিত করার আচরণগত প্রণালীর কে নেতৃত্ব দান বলে।